

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৬৬৯

১২. কিতাবুস সিয়াম (کتاب الصوم)

পরিচ্ছেদঃ রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম লাইলাতুল কদর ঘুমে স্বপ্নে দেখেছিলেন; জাগ্রত অবস্থায় নয়

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الْمُصْطَفَى صلى الله عليه وسلم رَأَى لَيْلَةَ الْقَدْرِ فِي النَّوْم لَا في اليقظة

আরবী

3669 ـ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيّ بْنِ الْمُثَنَّى قَالَ: حَدَّثَنَا أَبُو خَيْثَمَةَ قَالَ: حَدَّثَنَا يَزِيدُ بْنُ هَارُونَ قَالَ: أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عَمْرٍ عَنْ أَبِي سَلَمَةَ قَالَ: تَذَاكَرْنَا لَيْلَةَ الْقَدْرِ فَأَتَيْتُ أَبَا سَعِيدِ الْخُدْرِيَّ فَقُلْتُ: هَلْ سَمِعْتَ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم يَذْكُرُ لَيْلَةَ الْقَدْرِ؟ فَقَالَ: اعْتَكَفَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم الْعَشْرَ الْأَوْسَطَ مِنْ شَهْرِ رَمَضَانَ وَاعْتَكَفْنَا مَعَهُ فَقَامَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم الْعَشْرَ الْأَوْسَطَ مِنْ شَهْرِ مَضَانَ وَاعْتَكَفْنَا مَعَهُ فَقَامَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم الْعَشْرَ الْأَوْسَطَ مَنْ شَهْرِ مَصَلى الله عليه وسلم فَرَجَعْنَا مَعَهُ فَقَامَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم فَرَأَى لَيْلَةَ الْقَدْرِ فِي الْمَنَام ثَمَ أُنْسِيَها.

الراوي: أَبُو سَلَمَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3669 | خلاصة حكم المحدث: حسن صحيح _ ((الصحيح)) ـ أيضاً _ (1251).

বাংলা

৩৬৬৯. আবূ সালামাহ (রহ.) থেকে বর্ণিত, তিনি বলেন, "আমরা লাইলাতুল কদর নিয়ে পরস্পরে আলোচনা করছিলাম। অতঃপর আমি আবূ সাঈদ খুদরী রাদ্বিয়াল্লাহু আনহুর কাছে এসে তাকে বলি, "আপনি কি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে লাইলাতুল কদর সম্পর্কে আলোচনা করতে শুনেছেন?" তখন তিনি জবাবে বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম রমযানের মধ্যম দশকে ই'তেকাফ করেন, আমরাও তাঁর সাথে ই'তেকাফ করি। অতঃপর ২০ রমযান ভোরে তিনি বাসায় ফিরে আসেন এবং আমরাও ফিরে আসি। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম উঠে যান। অতঃপর তিনি ঘুমে স্বপ্নে লাইলাতুল কদর দেখেন। তারপর সেটা ভুলিয়ে দেওয়া হয়।"[1]



ফুটনোট

[1] মুসনাদ আবী ইয়ালা:১২৮০; সহীহ ইবনু খুয়াইমাহ: ২২৩৮।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাসান বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান-সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ১২৫১)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ সালামাহ্ (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন